

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারকনং- ৩৮.১২৩.০২৫.০০.০০.৫৯.২০১৬.৩৪২ (১১৪৮)

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪২৩
১৫ মে ২০১৬

বিষয়: বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে ০১ বছর মেয়াদি মাস্টার্স কোর্সে অংশগ্রহণের নিমিত্ত প্রার্থী নির্বাচনের আবেদনপত্র প্রেরণের সময় বর্ধিতকরণ।

সূত্র: স্মারকনং-৩৮.১২৩.০২৫.০০.০০.৫৯.২০১৬.১৯৪/১১৪৮, ২৩ মার্চ ২০১৫

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৩) এর আওতায় ০১ (এক) বৎসর মেয়াদী মাস্টার্স কোর্সে অংশগ্রহণের নিমিত্ত সেপ্টেম্বর ২০১৬ - আগস্ট ২০১৭ সেশনে বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য উপযুক্ত প্রার্থীদের নিকট থেকে সূত্রোক্ত স্মারকে আবেদনপত্র আহ্বান করা হয়েছে। পত্রে প্রার্থী নির্বাচনের সূচক ও যোগ্যতার ৪ নং অনুচ্ছেদে “প্রার্থী বিদেশে যে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করবেন সে বিশ্ববিদ্যালয়ের চাহিদা অনুযায়ী ইংরেজি ভাষায় উপযুক্ত জ্ঞান ও দক্ষতার (IELTS/TOFEL etc.) যথাযথ মান অর্জন আবশ্যকীয় প্রাক-যোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং বৈধ IELTS সনদপ্রাপ্ত কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন মর্মে” উল্লেখ করা হয়েছিল।


২। দেশ ও বিশ্ববিদ্যালয় নির্বাচন চূড়ান্ত না হওয়া পর্যন্ত ইংরেজি ভাষায় দক্ষতার প্রমাণ হিসেবে IELTS/TOFEL এর ন্যূনতম Score কত হবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করা সম্ভব হচ্ছে না বিধায় প্রাপ্ত আবেদনপত্র যথাযথভাবে যাচাইয়াত্তে সংশ্লিষ্ট তালিকায় নির্বাচিত প্রার্থীদের একটি নির্দিষ্ট সময়ের মধ্যে (পরবর্তীতে অবহিত করা হবে) অবশ্যই IELTS/TOFEL এর চাহিত Score এর সনদপত্র দাখিল করতে হবে। নতুবা আবেদনকারীগণ মনোনয়নের জন্য বিবেচিত হবেন না। IELTS/TOFEL এর ন্যূনতম প্রয়োজনীয় Score প্রাপ্তদের মধ্য হতে প্রার্থী নির্বাচন করে চূড়ান্ত মনোনয়নের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে এ প্রস্তাব প্রেরণ করা হবে।

৩। এমতাবস্থায়, উপরোল্লিখিত বর্ণনার আলোকে বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে ১ বৎসর মেয়াদি মাস্টার্স কোর্সে অংশগ্রহণের নিমিত্ত আগ্রহী প্রার্থীগণের নিকট থেকে আবেদনপত্র গ্রহণের সময়সীমা ১৫ মে ২০১৬ তারিখের পরিবর্তে ২৫ মে ২০১৬ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

৪। আবেদনপত্র প্রেরণের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্তি- বর্ণনামুগ পাতা।


ড. মো: মাহফুজুল ইসলাম
উপপরিচালক (প্রশিক্ষণ)

১। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী, ময়মনসিংহ।

২। পরিচালক, (সকল).....প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

৩। উপপরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/রংপুর/খুলনা/সিলেট প্রাথমিক শিক্ষা বিভাগ।

অনুলিপি:

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ডিপিই ওয়েবসাইটে বিজ্ঞপ্তিখানা আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)।

৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার.....(সকল)

৬। সুপারিনটেনডেন্ট, পিটিআই.....(সকল)

৭। উপজেলা শিক্ষা অফিসার.....(সকল)

৮। ইন্সট্রাক্টর, থানা/উপজেলা রিসোর্স সেন্টার.....(সকল)

৯। অফিস কপি।